আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/13/2026 গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ মানুষের জন্য হেলথ ক্লিনিক বাড়াতে এবং হেলথ কেয়ারের অ্যাক্সেস উন্নত করতে পুরো স্টেটে মোট 25 মিলিয়ন মার্কিন ডলারের 30টি অ্যাওয়ার্ড ঘোষণা করলেন

New York University Dentistry-এর ওরাল হেলথ সেন্টার ফর পিপল উইথ ডিজেবিলিটি, যারা সবথেকে একক অ্যাওয়ার্ড পেয়েছে, তারা ডিজেবিলিটিসহ মানুষের ওরাল হেলথ উন্নত করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মাধ্যমে 30টি অ্যাওয়ার্ড ঘোষণা করেছেন, যা ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ মানুষ, যারা প্রায়ই তাদের প্রয়োজন অনুযায়ী সার্বিক হেলথ কেয়ার খুঁজে পেতে অসুবিধার সম্মুখীন হন, তাদের জন্য স্বাস্থ্য সমতার সমস্যা সমাধানে সাহায্য করবে। পুরো স্টেটের এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি গভর্নর Hochul-এর (হোকল) 2025 স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে ঘোষণা করা হয়েছিল এবং ফিসক্যাল ইয়ার 2026-এর বাজেটে কার্যকর করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD) এমন প্রজেক্টকে অগ্রাধিকার দিয়েছে যা ডেন্টাল কেয়ারের অ্যাক্সেস বাড়ানো, হুইলচেয়ার ব্যবহারের উপযোগী করে ফিজিক্যাল ডায়াগনস্টিকের স্থান উন্নত করা, নিউরোডাইভার্স রোগীদের জন্য সেন্সরি-ফ্রেন্ডলি স্থান তৈরি করা, এবং 'হেলথকেয়ার ডেজার্টে' স্পেশাল্টি ফিজিক্যাল হেলথ সেবার অ্যাক্সেস উন্নত করার সাথে সম্পর্কিত।

"আমার অ্যাডমিনিস্ট্রেশনের অধীনে, আমরা ডিজেবিলিটি সহ নিউ ইয়র্কবাসীদের জন্য হেলথ সমতার পার্থক্য কমানোর পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই তহবিল নিউ ইয়র্কের সেবাদানকারীদের ফ্যাসিলিটির সরঞ্জাম এবং স্থানে জীবন বদলে দেওয়ার মতো আপগ্রেড করতে দেয় যাতে সবথেকে কঠিন কিছু ডেন্টাল এবং প্রতিরোধমূলক হেলথ অ্যাক্সেস চাহিদা পূরণ করা যায়। এটি কাজের ক্ষেত্রে নতুনত্ব আনা যার মাধ্যমে আমরা সকলের জন্য আরো ইনক্লুসিভ নিউ ইয়র্ক গড়ে তুলছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে, আমরা ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ মানুষরা উপযুক্ত পরিবেশে এবং যোগ্য পেশাদারের কাছ থেকে সার্বিক হেলথ কেয়ার পাওয়ার ক্ষেত্রে যে সমস্যার মুখোমুখি হন, তার সমাধানে কাজ

করছি। New York University (NYU) Dentistry-এর ওরাল হেলথ সেন্টার ফর পিপল উইথ ডিজেবিলিটি (Oral Health Center for People with Disabilities) সত্যিই এমন মানুষের জন্য সুযোগ সম্ভব করবে যারা অনেক দিন ধরে তাদের প্রাপ্য ন্যায্য এবং মানসম্পন্ন হেলথ কেয়ার থেকে বঞ্চিত হয়ে আসছেন।"

স্টেটের প্রথম 5 মিলিয়ন মার্কিন ডলার অ্যাওয়ার্ড আজকে NYU College of Dentistry-তে ঘোষণা করা হয়েছে যা তাদের প্রজেক্ট "Bridging the Gaps of Access, Transition and Workforce: Expansion of the NYU Dentistry Oral Health Center for People with Disabilities"-কে দেওয়া হয়েছে। এই তহবিল NYU-কে ডিজেবিলিটি সহ শিশু ও কিশোরদের জন্য একটি বিশেষায়িত চিকিৎসার স্থান তৈরি করতে সাহায্য করবে, যা শৈশব থেকে প্রাপ্তবয়স্ক পর্যায়ে চিকিৎসার ট্রানজিশনকে সহজ করবে এবং সব বয়সের মানুষের জন্য অ্যাক্সেস উন্নত করবে। এই আধুনিক করার প্রজেক্টে অ্যাংজাইটি কমানোর উপাদান এবং অটিজম, অন্যান্য ডেভেলপমেন্ট ডিজেবিলিটি, এবং জটিল মেডিকেল অবস্থার রোগীদের চাহিদা পূরণের জন্য বিশেষায়িত ডেন্টাল সরঞ্জাম থাকবে। হুইলচেয়ার অ্যাক্সেসিবল এবং সেন্সরি-ফ্রেন্ডলি স্থানগুলি এমন একটি পরিবেশ তৈরি করবে যা রোগীর সুবিধার কথা চিন্তা করে বানানো হবে। কমিউনিটিতে এই অতি প্রয়োজনীয় ডেন্টাল সেবা দেওয়ার পাশাপাশি, NYU ভবিষ্যৎ জেনারেশনের ডেন্টিস্টদেরও ট্রেনিং, যাতে তারা ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ মানুষের ডেন্টাল হেলথের চাহিদাগুলি সার্বিকভাবে পূরণ করতে পারে।

NYU Dentistry-এর হারম্যান রবার্ট ফক্স ডিন Dr. Charles Bertolami (ডাঃ চার্লস বার্টোলামি) বলেন, "NYU College of Dentistry-এর ডিজেবিলিটি সহ মানুষের ওরাল হেলথ উন্নত করার ক্ষেত্রে অনেক লম্বা ইতিহাস এবং প্রতিশ্রুতি আছে। এই এক্সপ্যানশনটি আমাদের আজীবন সেবা দানের প্রতিশ্রুতিকে আরো জোরদার করে, নিশ্চিত করে যাতে ডিজেবিলিটি সহ কমবয়সী মানুষ তাদের প্রয়োজনীয় সেবা পেতে পারে, এবং সব থেকে গুরুত্বপূর্ণ হলো, তারা যাতে প্রাপ্তবয়স্ক হওয়ার পরেও একই 'ডেন্টাল হোমে' টিকে থাকতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটের চীফ ডিজেবিলিটি অফিসার Kim Ridley (কিম রিডলি) বলেন, "নিউ ইয়র্কের চীফ ডিজেবিলিটি অফিসার হিসেবে আমি একাধিকবার নিজের চোখে দেখেছি যে NYU Dentistry-এর ওরাল হেলথ সেন্টার ফর পিপল উইথ ডিজেবিলিটিজ কতটা বিশেষ। তারা সত্যিই অসাধারণ কিছু তৈরি করেছে, একটি জায়গা যেখানে শিশু এবং প্রাপ্তবয়স্ক ডিজেবিলিটি সহ ব্যক্তিরা সহানুভূতিশীল, উন্নত মানের ডেন্টাল কেয়ার পেতে পারেন, এমন একটি পরিবেশে যা সত্যিই তাদের প্রয়োজন বুঝতে পারে। এই ধরনের নিবেদিত 'ডেন্টাল হোম' এখনো খুবই বিরল, এবং এটি মানুষের জীবনে সত্যিকারের পরিবর্তন আনে। আমি আনন্দিত যে রিজিয়নাল ডিজেবিলিটি হেলথ ক্লিনিকে (Regional Disability Health Clinics) গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগ এই গুরুত্বপূর্ণ কাজকে আরো বাড়াতে সাহায্য করবে। পুরো নিউ ইয়র্কে আমরা এমন অগ্রগতি আরো দেখতে চাই, এটি ঠিক সেই ধরনের উন্নতি।"

NYU Dentistry-তে এই এক্সপ্যানশনে আটটি নতুন চিকিৎসার রুম থাকবে, যা ডিজেবিলিটি কেয়ারের জন্য নির্ধারিত ক্লিনিক্যাল এরিয়ার সংখ্যা প্রায় দ্বিগুণ করবে, যার ফলে NYU নিউ ইয়র্ক সিটি (New York City) এবং আশেপাশের এলাকায় প্রতি বছর 3,300-এর বেশি

ডিজেবিলিটি সহ শিশুকে ডেন্টাল সেবা দিতে পারবে। ধারণা করা হচ্ছে যে রোগীদের 50 শতাংশের বেশি OPWDD-এর সেবা গ্রহণকারী হবেন, এবং কেয়ার ম্যানেজমেন্ট যোগ করা হবে যাতে সেবার ধারাবাহিকতা নিশ্চিত করা যায়।

স্টেটের সিনেটর Samra Brouk (সামরা ব্রোক) বলেন, "প্রত্যেক রোগীরই তাদের প্রয়োজন অনুযায়ী পরিকল্পিত সার্বিক সেবা পাওয়ার অধিকার আছে, বিশেষ করে আমাদের ঐতিহাসিকভাবে বঞ্চিত কমিউনিটির সদস্যদের। আমি পুরো স্টেটের প্রোগ্রামে, যার মধ্যে University of Rochester, Cerebral Palsy Association of Rochester, এবং Rochester School of the Holy Childhood-এর প্রোগ্রামগুলি আছে, সেখানে বিনিয়োগ করার জন্য গভর্নর Hochul এবং অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের প্রশংসা করছি , যা আমাদের প্রতিবেশীদের জন্য চাহিদা এবং অ্যাক্সেসের মধ্যে ব্যবধান কমাতে সাহায্য করছে।"

স্টেটের সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেন, "ডিজেবিলিটি সহ অনেক মানুষই ডেন্টাল কেয়ারের মতো মৌলিক হেলথ কেয়ারের প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত হন। NYU-এর Oral Health Center for People with Disabilities একটি accessible treatment center তৈরি করে এবং এই জনগোষ্ঠীকে সেবা দেওয়ার জন্য চিকিৎসক প্রশিক্ষণ দিয়ে এই চাহিদা পূরণ করছে। আমি NYU-কে এই 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য অভিনন্দন জানাই এবং গভর্নর Hochul (হোকল) এবং অফিস অফ পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজকে ধন্যবাদ জানাই, যারা ডিজেবিলিটি সহ মানুষের জন্য ওরাল হেলথ কেয়ার বাড়ানোর গুরুত্ব বুঝতে পেরেছেন।"

অ্যাসেম্বলির সদস্য Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "ডিজেবিলিটি সহ মানুষ প্রায়ই মৌলিক হেলথকেয়ার পাওয়ার ক্ষেত্রে বাধার মুখোমুখি হন, যেমন অ্যাক্সেসিবল ফ্যাসিলিটির অভাব বা এমন সেবাদানকারীদের ঘাটতি যারা তাদের চাহিদা পূরণ করার মতো ট্রেনিং পেয়েছেন। এই ধরনের বিনিয়োগ বিশেষায়িত সেবা বাড়াতে সাহায্য করে, আরো স্বাগত এবং অ্যাক্সেসিবল চিকিৎসার স্থান তৈরি করে এবং আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য উন্নত মানের হেলথকেয়ার পাওয়ার সুযোগ নিশ্চিত করে। ডিজেবিলিটি সহ মানুষের হেলথকেয়ার পাওয়ার সুযোগ উন্নত করার এই বিনিয়োগের জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Keith Powers (কীথ পাওয়ার্স) বলেন, "আমি গর্বিত যে আমি NYU Dentistry-এর ওরাল হেলথ সেন্টার ফর পিপল উইথ ডিজেবিলিটিজের জন্য স্টেট ফান্ডিং পাওয়ার লড়াইয়ে অংশ নিয়েছি, এবং আমি অতি আনন্দিত যে এটি অ্যাওয়ার্ড পেয়েছে। ডিজেবিলিটি সহ মানুষের জন্য ডেন্টাল কেয়ারের অ্যাক্সেসে বড় একটি শূন্যস্থান আছে, কারণ অ্যাক্সেসিবল অফিস এবং ফিজিক্যাল বা বিহেভিওরাল সমস্যা সহ রোগীদের চিকিৎসা করার জন্য ট্রেনিং পাওয়া ডেন্টিস্টের অভাব আছে। এই 5.48 মিলিয়ন মার্কিন ডলারের অনুদানটি সেন্টারকে বড় করবে যাতে নিশ্চিত করতে সাহায্য করা যায় যে ডিজেবিলিটি সহ মানুষদের সাধারণ ছোট প্রক্রিয়ার জন্যও হাসপাতালের অপারেটিং রুমে পাঠানো হবে না এবং তারা সরাসরি তাদের প্রয়োজনীয় চিকিৎসা পেতে পারবেন।"

ব্রঙ্কস (Bronx) বরোর প্রেসিডেন্ট Vanessa L. Gibson (ভ্যানেসা এল গিবসন) বলেন, "উন্নত মানের, বিশেষায়িত হেলথ কেয়ারের অ্যাক্সেস কখনোই আপনার জিপ কোডের উপর নির্ভর করা উচিত না, এবং এই বিনিয়োগ আমাদের সেই মানের আরো কাছাকাছি নিয়ে যাচ্ছে। পুরো ব্রঙ্কসের পরিবারগুলি অনেক দিন ধরে ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ প্রিয়জনদের জন্য সেবা নিতে চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছেন , এবং এই তহবিল একটি আরো রেস্পন্সিভ এবং ইনক্লুসিভ ব্যবস্থার দিকে অর্থপূর্ণ অগ্রগতির চিহ্ন। ADAPT Community Network Bronx Dental Clinic-এর অপারেশনের এক্সপ্যানশন নিশ্চিত করবে যাতে আরো বেশি ব্রঙ্কসের বাসিন্দা, বিশেষ করে শিশু ও কমবয়সীরা, একটি সমর্থক পরিবেশে উন্নত মানের, সাংস্কৃতিকভাবে দক্ষ সেবা পেতে পারবেন। গভর্নর Kathy Hochul-কে (ক্যাথি হোকল) তার ধারাবাহিক নেতৃত্ব এবং স্বাস্থ্য সমতা অগ্রসর করার প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ, যা আমাদের কমিউনিটিতে সত্যিকারের পরিবর্তন আনছে।"

ম্যানহাটন (Manhattan) বরোর প্রেসিডেন্ট Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "অনেক দিন ধরে ডেভেলপমেন্ট ডিজেবিলিটি সহ নিউ ইয়র্কবাসীরা মৌলিক হেলথ কেয়ার পাওয়ার ক্ষেত্রে বিশেষায়িত সেবাদানকারীদের ঘাটতি থেকে শুরু করে তাদের প্রয়োজন অনুযায়ী তৈরি বিশেষায়িত ফ্যাসিলিটির অভাব পর্যন্ত অনেক বাস্তব বাধার মুখোমুখি হচ্ছেন। এই বিনিয়োগ হলো এই ঘাটতি পূরণে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যা অ্যাক্সেস বাড়াবে, চিকিৎসার পরিবেশকে আধুনিক করবে, এবং সেবার মান উন্নত করবে। ম্যানহাটনের জন্য, এই উন্নয়নগুলি এমন পরিবারের জীবনে সত্যিকারের পরিবর্তন আনবে, যারা এতদিন হেলথ কেয়ার ব্যবস্থায় অবহেলিত হয়েছেন। হেলথের ক্ষেত্রে সমতাকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের স্টেট পার্টনারদের প্রতি আমি কৃতজ্ঞ।"

ডেন্টিস্ট্রি ক্লিনিকের জন্য আবেদনের পাশাপাশি, আর্টিকেল 16 ক্লিনিক, আর্টিকেল 28 ক্লিনিক, যার মধ্যে ডায়াগনস্টিক এবং ট্রিটমেন্ট সেন্টার (Diagnostic and Treatment Centers), ফেডারেলি কোয়ালিফাইড হেলথ সেন্টার (Federally Qualified Health Centers, FQHCs), রুরাল হেলথ সেন্টার (Rural Health Centers, RHCs), এবং ফ্রি-স্ট্যান্ডিং হাসপাতালের এক্সটেনশন ক্লিনিক (ক্যাম্পাসের বাইরের সাইটে) আছে, তারা OPWDD-এর আবেদনের অনুরোধে (Request for Applications) আবেদন করার জন্য যোগ্য ছিলো। আবেদনকারীরা এমন ক্যাপিটাল প্রজেক্টের জন্য প্রস্তাবনা দিতে পেরেছে যা ফিজিক্যাল হেলথকেয়ার সেবার (যেমন মেডিকেল, ডেন্টাল, নার্সিং, ফিজিক্যাল থেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ এবং ভাষার প্যাথলজি) অ্যাক্সেস ও মান উন্নত করে।

নিচে region অনুযায়ী অ্যাওয়ার্ডপ্রাপ্তদের এবং প্রজেক্টগুলির সম্পূর্ণ তালিকা দেওয়া হলো:

নিউ ইয়র্ক সিটি

- **Metro Community Health Centers: 1,343,962 মার্কিন ডলার** - "Dental & Behavioral Health Renovation প্রজেক্ট"

- **New York University: 5,477,832 মার্কিন ডলার** - "Bridging the Gaps of Access, Transition and Workforce: Expansion of the NYU Dentistry Oral Health Center for People with Disabilities"
- **L′Refuah Medical & Rehabilitation Center যা Ezra Medical Center (EMC) নামে পরিচালিত হয়: 1,826,000 মার্কিন ডলার** - "Ezra Medical Center Dental Services Expansion প্রজেক্ট"
- **Premier Healthcare: 449,012 মার্কিন ডলার** - "Expanding and Enhancing Inclusive Dental Care in Queens for the I/DD Community"
449,012 মার্কিন ডলার
- **Premier Healthcare: 424,704 মার্কিন ডলার** - "Expanding and Enhancing Inclusive Dental Care in Manhattan for the I/DD Community"

- **Staten Island University Hospital: 1,214,800 মার্কিন ডলার** - "Improving Access to Behavioral Health and Dental Services through Implementation of Sensory Friendly Spaces"
- **Community Health Project যা Callen-Lorde Community Health Center নামে পরিচালিত হয়: 8,500 মার্কিন ডলার** - "Improving Accessibility at Brooklyn Clinic with Automatic Door Opener Installation"
- **United Cerebral Palsy of New York City যা ADAPT Community Network নামে পরিচালিত হয়: 197,709 মার্কিন ডলার** - "ADAPT's Bronx Clinic Dental Operatory Expansion"
- **Betances Health Center: 219,650 মার্কিন ডলার** - "Improving Accessibility and Inclusive Care for Individuals with Developmental Disabilities"
219,650 মার্কিন ডলার

<u>লং আইল্যান্ড</u>

- **Long Island Select Healthcare: 2,338,753 মার্কিন ডলার** - "Eastern Suffolk Integrated Healthcare Access Expansion"
- **North Shore University Hospital (ম্যানহাসেট): 15,766 মার্কিন ডলার** - "Increasing Adult Primary Care Capacity for Individuals with Developmental Disabilities through Wheelchair Accessibility"
- **North Shore University Hospital (ম্যানহাসেট): 135,200 মার্কিন ডলার** - "Improving Dental Services through Implementation of Sensory Friendly Spaces"

- **Long Island Jewish Medical Center: 142,900 মার্কিন ডলার** - "Increasing Accessibility to Pediatric Dental Care through Sensory Friendly Spaces"
- **Long Island Jewish Medical Center: 345,500 মার্কিন ডলার** - "Increasing Specialty Care Access and Sensory-Friendly Spaces at Northwell Health at Rego Park"
- **Long Island Jewish Medical Center: 25,621 মার্কিন ডলার** - "Increasing Accessibility to Pediatric Primary Care through Sensory Friendly Spaces"

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **Baker Victory Healthcare Center: 194,000 মার্কিন ডলার** - "Dental Enhancement প্রজেক্ট"
- **State University of New York (SUNY), University at Buffalo School of Dental Medicine (UBSDM): 3,726,824 মার্কিন ডলার** - "SUNY UBSDM Special Care Dentistry Center"

ফিঙ্গার লেকস

- **University of Rochester: 225,400 মার্কিন ডলার** - "Smiles Without Barriers"
- **Cerebral Palsy Association of Rochester যা CP Rochester নামে পরিচালিত হয়: 25,540 মার্কিন ডলার** - "Improved Accessibility for CP Rochester's Family Dental Center"
- **The Rochester School of the Holy Childhood: 30,387 মার্কিন ডলার** - "Article 16 Clinical Office Upgrade"
- **Mozaic Chapter, NYSARC, Inc. যা Mozaic নামে পরিচালিত হয়: 284,320 মার্কিন ডলার** - "Article 16 Clinic Expansion in Rural, Inclusive Community Center"

ক্যাপিটাল রিজিওন

- **Community Work & Independence: 45,144 মার্কিন ডলার** - "Creating Inclusive Access: Enhancing Mobility and Sensory Comfort at the Foothills Clinic"

মোহক ভ্যালি

- **NYSARC, Inc.-এর ফুলটন-স্কুহারি চ্যাপ্টার যা The Arc Lexington নামে পরিচালিত হয়: 238,920 মার্কিন ডলার** - "Arc Lexington's Article 16 প্রজেক্ট"

মিড-হাডসন

- **The Center for Discovery: 448,533 মার্কিন ডলার** - "The Discovery Health Center: Improving Health Care for People with Development Disabilities"
- **Westchester Institute of Human Development: 1,197,380 মার্কিন ডলার** - "Increasing Access to Healthcare and Dental Services for Individuals with Developmental Disabilities"
- **The Arc Mid-Hudson: 392,932 মার্কিন ডলার** - "Enhanced Clinical Services at Arc Mid-Hudson"
- **Cornerstone Family Healthcare: 204,221 মার্কিন ডলার** - "Restoring Dental Access for Disabled Community in New City, NY"

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- **Arc of Onondaga: 533,042 মার্কিন ডলার** - "AccessAbility Health Project"
- **East Hill Medical Center: 1,863,092 মার্কিন ডলার** - "East Hill Medical Center Expansion প্রজেক্ট"

নর্থ কান্ট্রি

- **United Cerebral Palsy Association of the North Country: 1,134,070 মার্কিন ডলার** -"IDD-Focused Dental Suite Expansion - Ogdensburg FQHC"

নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা Joann Mostovoy (জোয়ান মোস্টোভয়) বলেন, "এমন একটি সময় ছিলো যখন একটি সাধারণ ভিজিটের জন্যও অনেক প্রয়োজন হতো, এবং এক্স-রে সহ সম্পূর্ণ পরীক্ষা শুধু জেনারেল অ্যানেস্থেসিয়া দিয়ে করতে হতো। এখন, Victor (ভিক্টর) পরীক্ষার জন্য বসতে পারে এবং তার দাঁত পরিষ্কার করাতে পারে, যা আমরা একসময় অসম্ভব বলে মনে করতাম। এই দলটি প্রয়োজনের থেকেও বেশি যত্ন নিয়ে কাজ করে, তাকে মর্যাদা, ধৈর্য, এবং তার প্রয়োজন বুঝে নিয়ে তার চিকিৎসা করে। আপনি যখন ঢুকবেন এবং ওয়েইটিং রুমের অতি আধুনিক সেন্সরি রুম দেখবেন, তখনই এটি স্পষ্ট হয়ে যায় যে এই জায়গায় সত্যিকারের যত্ন পাওয়া যাবে, এবং তা পরীক্ষার রুমে ঢোকার আগেই বুঝা যায়। যদি দেশের সব স্থানে এমন

জায়গা থাকতো, তাহলে বিশেষ চাহিদা আছে এমন সব শিশু ও প্রাপ্তবয়স্কই তাদের প্রাপ্য চিকিৎসা পেতে পারতেন।"

নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা Luisa Henriquez (লুইসা হেরিকেজ) বলেন, "আগের একটি ট্রমাটিক অভিজ্ঞতার পর, Liam (লিয়াম) কোনো ডেন্টিস্টের সামনে মুখই খুলতে চাইতো না। আমরা যখন NYU-তে আসি, আমার পরিকল্পনা ছিল Liam-কে (লিয়াম) ঘুমের ওষুধ দিয়ে নেওয়া, কারণ আমি সত্যিই বিশ্বাস করতাম এর বাইরে কোনো উপায় নেই। সেন্টারের ডেন্টিস্ট, Dr. Serena Simone (ডাঃ সেরেনা সিমোন), খুব ধীরে জিজ্ঞাসা করলেন, তিনি কি আগে তার সাথে কাজ করার চেষ্টা করতে পারেন কিনা, এবং তা শুধু খেলা ও বিশ্বাস তৈরি হতে পারে। এরপর যা ঘটলো তা আমি কখনো ভুলব না: Liam (লিয়াম) ঘুমের ওষুধ ছাড়াই তাকে তার মুখে কাজ করতে এবং পুরো প্রক্রিয়াটি শেষ করতে দিল। এখন Liam (লিয়াম) প্রতিবার ডেন্টিস্টের কাছে গেলে নিজেকে স্বাচ্ছন্দ্য ও নিরাপদ মনে করে। সেন্টারের পরিবেশ অসাধারণ, এটি গোছানো, সমর্থক, এবং এমনভাবে নকশা করা হয়েছে যা সত্যিই শিশুদের শান্ত থাকতে ও তাদের কথা বুঝা হবে এমন বিশ্বাস করতে সাহায্য করে।"

NYU College of Dentistry সম্পর্কে
1865 সালে প্রতিষ্ঠিত হওয়া NYU College of Dentistry ইউনাইটেড স্টেটসের (United States, US) সবথেকে বড় ডেন্টাল স্কুল, যা দেশের প্রায় 10 শতাংশ ডেন্টিস্টকে শিক্ষা দেয়। NYU Dentistry-এর mission হলো একাডেমিক অসাধারণত্ব অর্জনের জন্য স্টুডেন্টদের সাথে পার্টনারশিপ করা, সেরা মানের ওরাল হেলথ কেয়ার দেওয়া, এবং নিউ ইয়র্ক সিটি ও সারা বিশ্বের অতি ডাইভার্স জনগোষ্ঠীর স্বাস্থ্য উন্নত করার জন্য গবেষণা, স্কলারশিপ, ক্রিয়েটিভ উদ্যোগ এবং সেবা নিয়ে কাজ করা।

NYU Dentistry সকল ব্যাকগ্রাউন্ডের নিউ ইয়র্কবাসীদের সব দেয়, তাদের সক্ষমতা বা ডিজেবিলিটি যাই হোক না কেনো, এবং 2019 সালে NYU Dentistry-এর ওরাল হেলথ সেন্টার ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ খোলার পর এটি নিউ ইয়র্ক স্টেটের ডিজেবিলিটি সহ ব্যক্তিদের জন্য উন্নত মানের ওরাল হেলথ কেয়ার দেওয়ার সেরা সেবাদানকারীদের মধ্যে একটি হয়ে উঠেছে। আরো জানতে dental.nyu.edu ভিজিট করুন।

OPWDD সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (OPWDD), ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সহ মানুষকে উন্নত মানের ব্যক্তিকেন্দ্রিক সমর্থন ও সেবা দিয়ে থাকে, যার মধ্যে ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটি, সেরেব্রাল প্যালসি, ডাউন সিনড্রোম, অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার এবং অন্যান্য নিউরোলজিক্যাল অসুস্থতা আছে। OPWDD সরাসরি এবং 400টির বেশি ননপ্রফিট সেবাদানকারীদের একটি নেটওয়ার্কের মাধ্যমে সেবা দিয়ে থাকে। OPWDD-এর মিশন হলো ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সহ ব্যক্তিদের আরো সমৃদ্ধ জীবনযাপন করতে সাহায্য করা যার মধ্যে থাকবে অর্থপূর্ণ সম্পর্ক, ভালো স্বাস্থ্য, ব্যক্তিগত বিকাশ, এবং নিজেদের কমিউনিটিতে একটি বাসস্থান। আরো তথ্যের জন্য, www.opwdd.ny.gov ভিজিট করুন, বা Facebook, Twitter, এবং Instagram-এ আমাদের সাথে যোগদান করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন